

**বাউবির এসএসসি পরীক্ষা  
কাল শুরু ৥ ৬৫ হাজার  
শিক্ষার্থী অংশ নিচ্ছে**

নকলমুক্ত পরিবেশ এবং কড়া নিরাপত্তার মধ্য দিয়ে আগামীকাল ১৮ এপ্রিল, শুক্রবার থেকে দেশব্যাপী একযোগে শুরু হচ্ছে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) এসএসসি প্রথম ও দ্বিতীয় বর্ষের পরীক্ষা। সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে যাবতীয় পদক্ষেপ ইতোমধ্যেই সম্পন্ন করা হয়েছে। এ বছর বাউবির অধীনে ২৯০টি কেন্দ্রে মোট ৬৪ হাজার ৮শ' ৯২ শিক্ষার্থী এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করবে। এর মধ্যে প্রথম বর্ষের শিক্ষার্থী রয়েছে প্রায় ৩৫ হাজার। আগামী ১৬ মে এ পরীক্ষা শেষ হবে।

২০০২ সালের ১৬ জুন এক পরিপত্রে বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয় বাউবির এসএসসি প্রোগ্রামকে বিভিন্ন শিক্ষাবোর্ড পরিচালিত এসএসসি কোর্সের সমতুল্য ঘোষণা করেছে।  
-বিজ্ঞপ্তি।